



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/2/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা দিয়েছেন যে, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক আজ থেকে পুনরায় খুলে দেওয়ার দ্বিতীয় ধাপে প্রবেশ করেছে

আগামীকাল 3 জুন থেকে ক্যাপিটাল রিজিয়ন পুনরায় খোলার 2য় ধাপে প্রবেশ করার জন্য এখনো সঠিক পথেই আছে

আগামী 8 জুন থেকে নিউ ইয়র্ক সিটি পুনরায় খোলার 1ম ধাপে প্রবেশ করার জন্য এখনো সঠিক পথেই আছে

29 জুন থেকে গ্রীষ্মকালীন ক্যাম্পগুলো খোলা যাবে

1ম ধাপে প্রবেশের জন্য অঞ্চলগুলিতে কম ঝুঁকির, বাইরের বিনোদনমূলক কার্যক্রম এবং ব্যবসা সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য নির্বাহী আদেশ জারি করা হয়েছে

নিউ ইয়র্ক স্টেটে আরো 1,329 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 43 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 373,040-তে নিয়ে আসে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক আজ থেকে পুনরায় খুলে দেওয়ার দ্বিতীয় ধাপে প্রবেশ করেছে। আগামীকাল 3 জুন থেকে পুনরায় খোলার দ্বিতীয় ধাপে প্রবেশ করার জন্য ক্যাপিটাল রিজিয়ন এখনো সঠিক পথেই আছে এবং আগামী 8 জুন থেকে পুনরায় খোলার প্রথম ধাপে প্রবেশ করার জন্য নিউ ইয়র্ক সিটিও এখনো সঠিক পথেই আছে।

এছাড়াও গভর্নর কুওমো ঘোষণা দেন যে 29 জুন থেকে স্টেটব্যাপী গ্রীষ্মকালীন ক্যাম্পগুলো খোলা যাবে। স্টেট আগামী সপ্তাহেই স্লিপ-অ্যাওয়ে শিবিরগুলোর বিষয়ে সিদ্ধান্ত নেবে।

গভর্নর কুওমো একই সাথে একটি [নির্বাহী আদেশ](#) জারি করেছেন, যাতে যে সমস্ত অঞ্চলে প্রথম ধাপ পুনরায় চালুর জন্য প্রয়োজনীয় জনস্বাস্থ্য ও নিরাপত্তা ব্যবস্থা রয়েছে সেখানে স্বল্প ঝুঁকি, বাইরের বিনোদনমূলক কার্যক্রম এবং এই ধরনের কার্যক্রম পরিচালনাকারী ব্যবসা প্রতিষ্ঠান উন্মুক্ত করার সুযোগ প্রদান করেছে।

"আজ COVID-19 মহামারির 94তম দিন এবং যদি আপনি নিউ ইয়র্কে আমরা যে অগ্রগতি করেছি তা খেয়াল করেন তাহলে দেখবেন যে কতদূর এবং কত দ্রুত আমরা এই উত্তেজনাপূর্ণ পর্যায়ে এসেছি," **গভর্নর কুওমো বলেন।** "আমাদের কাছে আজ আরও সুখবর আছে - হাসপাতালে ভর্তি হওয়াসংখ্যা কমে গেছে, হাসপাতালে নতুন COVID কেসের সংখ্যা সব থেকে কম এবং মৃত্যুর সংখ্যা একেবারে কম বলে আমরা দেখেছি। যেহেতু আক্রান্তের সংখ্যা কমে যাচ্ছে তাই ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এখন থেকে পুনরায় খোলার দ্বিতীয় ধাপ শুরু করার জন্য প্রস্তুত এবং ক্যাপিটাল রিজিয়নটি আগামীকাল দ্বিতীয় ধাপে প্রবেশের জন্য এখনও সঠিক পথে আছে।"

**মিনেসোটা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ইনফেকশাস ডিজিজ রিসার্চ অ্যান্ড পলিসির (Center for Infectious Disease Research and Policy) পরিচালক ড. মাইকেল ওস্টারহোলম বলেন,** "যেহেতু নিউ ইয়র্ক স্টেটের পরবর্তী দুইটি অঞ্চল ধাপ 1 থেকে ধাপ 2-এ উন্নীত হওয়ার সবুজ সংকেত পেয়েছে, এক্ষেত্রে স্টেটের নতুন আগাম সতর্কতার ড্যাশবোর্ডটি যেকোনো সমস্যা প্রশমিত করতে সাহায্য করবে। এটি গুরুত্বপূর্ণ যে তথ্যের উপর ভিত্তি করে অগ্রসর হতে হবে এবং নিউ ইয়র্ক স্টেট শুধু এটিই করছে।"

**ইম্পেরিয়াল কলেজ লন্ডনের জিওস্ট্যাটিস্টিক্সের লেকচারার (অ্যাসোসিয়েট প্রফেসর), সংক্রামক রোগ এপিডেমিওলজি বিভাগের (Department of Infectious Disease Epidemiology, Imperial College London) অধ্যাপক ড. সামির ভাট বলেন,** "যেহেতু ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং ক্যাপিটাল রিজিয়ন ধাপ 1 থেকে ধাপ 2-এ উন্নীত হতে শুরু করেছে তাই স্টেটের মেডিক্সটি এই রোগের উপর নজর রাখতে এবং নিয়ন্ত্রণের জন্য একটি বিস্তৃত চিত্র প্রদর্শন করছে। পরবর্তী ধাপে যাতে জনস্বাস্থ্য ও অর্থনৈতিক কর্মকাণ্ডের ভারসাম্য বজায় থাকে সে বিষয়ে নিশ্চিত হতে আমরা এই তথ্যগুলো নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে থাকব।"

গভর্নর আরও 1,329 জনের নতুন নভেল করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার কথা নিশ্চিত করেছেন, যার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে স্টেটজুড়ে আক্রান্ত রোগীর সর্বমোট সংখ্যা হলো 373,040 জন। মোট 373,040 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগোলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,900	18
Allegany	48	0
Broome	578	4
Cattaraugus	89	0
Cayuga	93	1
Chautauqua	86	1
Chemung	137	0
Chenango	133	0
Clinton	97	1

Columbia	391	2
Cortland	41	0
Delaware	82	1
Dutchess	3,936	12
Erie	6,173	50
Essex	38	1
Franklin	23	0
Fulton	212	2
Genesee	202	0
Greene	241	2
Hamilton	5	0
Herkimer	111	2
Jefferson	74	0
Lewis	20	0
Livingston	119	0
Madison	317	1
Monroe	2,989	25
Montgomery	93	2
Nassau	40,572	93
Niagara	1,048	2
NYC	204,377	613
Oneida	1,049	13
Onondaga	2,228	31
Ontario	209	1
Orange	10,449	27
Orleans	241	5
Oswego	110	0
Otsego	73	1
Putnam	1,262	5
Rensselaer	493	1
Rockland	13,223	38
Saratoga	484	1
Schenectady	696	3
Schoharie	51	1
Schuyler	12	1
Seneca	59	0
St. Lawrence	205	0
Steuben	242	1

Suffolk	39,980	275
Sullivan	1,392	3
Tioga	131	1
Tompkins	164	0
Ulster	1,696	5
Warren	255	0
Washington	237	2
Wayne	116	0
Westchester	33,633	81
Wyoming	86	0
Yates	39	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)